

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা-০৬(ভোকেশনাল-০১)
এফ-০৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

স্মারক নং-৩৭.০৩.০০০০.০৪০.২৭.১৮.৪৮৪. ০৫৬

তারিখ : ০৬/০২/২০১৮ খ্রিঃ


বিষয় : বার্ষিক গোপনীয় প্রতিবেদন(এসিআর)এ বিরূপ মন্তব্য প্রদান প্রসঙ্গে।

সূত্র : (ক) রংপুর টেকনিক্যাল স্কুল ও কলেজ স্মারক নং-টিএসসি/রং/১৭/১ তারিখ: ০৪/০১/২০১৮ খ্রিঃ।
(খ) রংপুর টেকনিক্যাল স্কুল ও কলেজ স্মারক নং-টিএসসি/রং/১৭ তারিখ: ০৪/০১/২০১৮ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানান যাচ্ছে যে, রংপুর টেকনিক্যাল স্কুল ও কলেজের জুনিয়র ইন্সট্রাক্টর (কম্পিউটার) জনাব মোঃ মিজানুর রহমান খাঁন এবং জুনিয়র ইন্সট্রাক্টর (কম্পিউটার) জনাব মোঃ মাইনুল ইসলাম এর ২০১৪, ২০১৫ ও ২০১৬ সালের বার্ষিক গোপনীয় প্রতিবেদনে কিছু বিরূপ মন্তব্য করা হয়েছে। এ বিষয়ে কারিগরি শিক্ষা অধিদপ্তর স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৪০.১৮.০৭৭.৪০০.১৭.অংশ-১.২০৮০ তারিখ : ২১/১২/২০১৭ খ্রিঃ এবং ৩৭.০৩.০০০০.০৪০.১৮.০৭৭.৪০০.১৭.অংশ- ১.২০৮১ তারিখ : ২১/১২/২০১৭ খ্রিঃ মোতাবেক তাদের নিকট ব্যাখ্যা চাওয়া হয়। তারা উল্লিখিত স্মারক মোতাবেক জবাব প্রেরণ করেন। জবাব পর্যালোচনা করে দেখা যায়, অনুবেদনকারী/প্রতিস্থাপনকারী কর্তৃপক্ষ জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিআর ও শাখার স্মারক নং- ০৫.১০২.২২.০১.০০.০০১.২০১২-৫৮ তারিখ: ২৩ সেপ্টেম্বর, ২০১২ দ্বারা বার্ষিক গোপনীয় অনুবেদন সংক্রান্ত অনুশাসনমালার অনুচ্ছেদ-৪.৪ অনুসরণ করেননি।

২। বর্ণিত অনুশাসনমালা অনুযায়ী অনুবেদনাধীন শিক্ষকদের বিরুদ্ধে কি কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছিল-তা বার্ষিক গোপনীয় প্রতিবেদনের সাথে কোন প্রমাণক পাওয়া যায়নি।

এমতাবস্থায়, তাদের-কে পত্র প্রাপ্তির ৩০(ত্রিশ) দিনের মধ্যে অনুশাসনমালার অনুচ্ছেদ-৪.৪ অনুসরণ করে বিরূপ মন্তব্য করা হয়েছিল কিনা তার জবাব প্রমাণকসহ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণ করার জন্য নির্দেশ প্রদান করা হলো।


ড. মোঃ নূরুল ইসলাম
পরিচালক (ভোকেশনাল)
কারিগরি শিক্ষা অধিদপ্তর
০৬/০২/১৮

প্রাপক :

- ক) অধ্যক্ষ, রংপুর টেকনিক্যাল স্কুল ও কলেজ, রংপুর।
খ) জনাব মোঃ গোলাম মোস্তফা
ইন্সট্রাক্টর (কম্পিউটার)
রংপুর টেকনিক্যাল স্কুল ও কলেজে, রংপুর।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) :

ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (পত্রটি অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।

২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।